কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746



ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]


HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 17 AUGUST 2026 ,MONDAY | ১৭ আগস্ট ২০২৬ ,সোমবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-254


## রেললাইনে হাতির পাশাপাশি বাইসন



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৬ আগস্ট :** রাতের ডাউন কামাখ্যা-লোকমান্য তিলক এক্সপ্রেসে (ট্রেন নম্বর ২২৫১২) বড়সড় দুর্ঘটনা এড়ালেন চালক ও সহকারী চালক। আলিপুরদুয়ার জংশন ও রাজাভাতখাওয়া স্টেশনের মাঝামাঝি রেললাইনে একটি হাতি এবং নাগরাকাটা-চালসার মধ্যে একটি ভারতীয় গৌর বা বাইসনকে রেললাইন পার হওয়ার চেষ্টা করতে দেখা যায়।রেল সূত্রে জানা গিয়েছে, ট্রেনটি চলাকালীন লোকো পাইলট এ কে মুর্মু এবং সহকারী লোকো পাইলট ডি কে পাসওয়ান আলিপুরদুয়ার জংশন-রাজাভাতখাওয়া অংশের ১৬৪/২ কিলোমিটার পয়েন্টে একটি হাতিকে রেললাইনের কাছে দেখতে পান। একইভাবে নাগরাকাটা-চালসা অংশের ৬৮/৪ কিলোমিটার পয়েন্টে একটি ভারতীয় গৌরকে রেললাইন পার হওয়ার চেষ্টা করতে দেখা যায়।বন্যপ্রাণী দুটিকে দেখতে পেয়েই চালক দ্রুত ট্রেনের গতি নিয়ন্ত্রণ করেন। ট্রেন থামিয়ে বা গতি কমিয়ে প্রাণীগুলিকে নিরাপদে রেললাইন থেকে সরে যাওয়ার সুযোগ দেওয়া হয়। পরে হাতি ও গৌর দুটিই নিরাপদে রেললাইন থেকে সরে যায় এবং ট্রেনটি তার গন্তব্যের উদ্দেশে যাত্রা চালিয়ে যায়।চালক ও সহকারী চালকের তৎপরতায় এদিন রেললাইনে বন্যপ্রাণীর সঙ্গে সম্ভাব্য সংঘর্ষ এড়ানো সম্ভব হয়েছে। উত্তরবঙ্গের জঙ্গলঘেরা রেলপথে নিয়মিত হাতি ও অন্যান্য বন্যপ্রাণীর যাতায়াত থাকায় চালকদের সতর্কতা দুর্ঘটনা এড়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

## পাচারের আগেই প্যাঙ্গোলিনের দেহাংশ সহ বন কর্মীদের হাতে গ্রেপ্তার এক




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,১৬ আগস্ট :** ওয়ার্ল্ড ওয়াইল্ড লাইফ ক্রাইম কন্ট্রোল ব্যুরো সীমান্ত ইউনিটের দেওয়া তথ্যের ভিত্তিতে বন দপ্তরের শুকনা রেঞ্জের কর্মীরা শনিবার রাতে শিলিগুড়ির মাটিগাড়া থানার বিশ্বাস পাড়ায় একটি বাড়িতে অভিযান চালায়। অভিযানে বাড়ি থেকে উদ্ধার হয় প্যাঙ্গোলিনের দেহাংশ,গ্রেপ্তার করা হয় এক ব্যক্তিকে। বন দপ্তর সূত্রে জানানো হয়েছে ধৃতের নাম বিকাশ খালকো,বাড়ি মালবাজার থানার ডামডিম এলাকায়। সে পানিট্যাঙ্কি সীমান্ত দিয়ে এই দেহাংশ নেপালে পাচারের ছক কষেছিলো। উদ্ধার কৃত দেহাংশের আনুমানিক বাজার মূল্য আড়াই লক্ষ টাকা বলে জানায় বন দপ্তর। উল্লেখ্য প্যাঙ্গোলিন বা পীপীলিকাভুক এর দেহের আঁশ ও মাংসের চাহিদার জন্য এদের ব্যপক ভাবে শিকার করা হয়। সুত্র মারফত জানা গেছে সারা বিশ্বে বছরে এক লক্ষাধিক প্যাঙ্গোলিন মানুষের দ্বারা শিকার করা হয়। এর আঁশ থেকে বিভিন্ন ধরনের ওষুধ তৈরী হয় ও বিদেশের বাজারে এই আঁশের ব্যাপক চাহিদা রয়েছে। পাশাপাশি বনাঞ্চল ধ্বংসের কারনে স্বাভাবিক বাসস্থানের বিলুপ্তি এই প্রানীটিকে বিপন্ন তালিকা ভুক্ত করেছে। শুকনা রেঞ্জের কর্মীরা জানান ধৃতের বিরুদ্ধে বন্যপ্রাণী সংরক্ষন আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে কার্শিয়াং আদালতে পেশ করা হয়েছে। বন দপ্তর পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে।

## আয়ুষ্মান ভারত প্রকল্প ও মুখ্যমন্ত্রী স্বাস্থ্য বীমা যোজনার শুভ সূচনা করলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কলকাতা ,১৬ আগস্ট :** আজ রাজ্যে আয়ুষ্মান দিবসের শুভ সূচনা করলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। কলকাতার নেতাজি ইনডোর স্টেডিয়ামে কেন্দ্রের "আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা" ও "মুখ্যমন্ত্রী স্বাস্থ্য বীমা যোজনা" এই দুটি প্রকল্পের শুভ সূচনা হলো । সারা দেশে ৩৮ হাজার ৬০০টি সরকারি ও বেসরকারি হাসপাতালে এই প্রকল্পের মাধ্যমে পাঁচ লক্ষ টাকা পর্যন্ত 'নগদহীন' ( ক্যাশলেস ) চিকিৎসার সুবিধা পাওয়া যাবে। এই প্রকল্পের আওতায় কোমর ও হাঁটুর অপারেশনও করা যাবে। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের স্বাস্থ্য মন্ত্রী ডাঃ সারদ্বত মুখোপাধ্যায় ,পঞ্চায়েত মন্ত্রী দিলীপ ঘোষ ,ক্রীড়া-যুব কল্যাণ ও ক্রেতা সুরক্ষা মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ ,বরিষ্ঠ বিজেপি নেতা তথা বিশিষ্ট অভিনেতা মিঠুন চক্রবর্তী সহ আরও অনেকে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন ,"রাজ্যের এক কোটি ৪৩ লক্ষ্য পরিবার আয়ুষ্মান ভারত প্রকল্পের সুবিধা পাবেন পাশাপাশি ৮০ লক্ষ রাজ্যবাসী পাবেন মুখ্যমন্ত্রী স্বাস্থ্য বীমা যোজনার সুবিধা।এর পাশাপাশি ১০০ টি অমৃত ফার্মেসী, ৪৬৭ টি প্রধানমন্ত্রী জন ঔষধি যোজনা যার আজকে এগ্রিমেন্ট হলো এবং 'সুদৃষ্টি' কর্মসূচির মাধ্যমে আজ চোখের চিকিৎসা করা হলো"।

## পুলিশের তৎপরতায় উদ্ধার অপহৃতা নাবালিকা ,গ্রেপ্তার তিন



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি ,১৬ আগস্ট :** পুলিশের তৎপরতায় উদ্ধার হলো অপহৃতা নাবালিকা, গ্রেপ্তার তিন। জানা গেছে শনিবার ভোরের আলো থানায় থানা এলাকার হরিচরনভিটা গ্রামের এক নাবালিকার পরিবারের সদস্যরা থানায় এসে নাবালিকা নিখোঁজ এর অভিযোগ দায়ের করেন। অভিযোগে জানানো হয় ঐ পনেরো বছর বয়সী নাবালিকা শনিবার বাড়ি থেকে নিখোঁজ হয়। অভিযোগ পেয়ে পুলিশ তদন্ত শুরু করে ও শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের স্পেশাল অপারেশন গ্রুপ এর সহায়তা গ্রহন করে। তদন্তে প্রাপ্ত বিভিন্ন তথ্যের ভিত্তিতে পুলিশ রবিবার নিখোঁজ নাবালিকাকে দার্জিলিং জেলার কার্শিয়াং থানা এলাকার কোনো স্থান থেকে উদ্ধার করে। ঐ নাবালিকার সাথে আরও দুইজন অপহৃতা বালিকাকে উদ্ধার করে পুলিশ। অপহরন কান্ডে জড়িত থাকার অভিযোগে তিন জনকে গ্রেপ্তার করে। তদন্তের স্বার্থে পুলিশ ধৃতদের নাম ঠিকানা গোপন রেখেছে। ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে তাদের সোমবার আদালতে পেশ করা হবে বলে জানিয়েছে পুলিশ। এই বালিকাদের অন্যত্র পাচারের উদ্দেশ্যে কার্শিয়াং নিয়ে যাওয়া হয়েছিলো কিনা, পাচার চক্রে আরও কেউ জড়িত আছে কিনা সেসব বিষয়ে তদন্ত শুরু করেছে পুলিশ।

# মহাকালগুড়িতে সংঘের নেত্রীর বাড়ী নিলামের অপেক্ষায়




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৬ আগস্ট :** নিলাম হতে পারে মহাকাল গুড়ি গ্রাম পঞ্চায়েতের সংঘের নেত্রী রীনা দেবনাথ সরকারের বাড়ী। ইতিমধ্যেই তার বাড়ি নিলামের জন্য আলিপুরদুয়ার আদালতের অনুমোদন যে পত্র লিখেছেন শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদক । আলিপুরদুয়ার জেলার শামুকতলা থানার মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের স্বনির্ভর গোষ্ঠীর সংঘের নেত্রীদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ উঠার পরেই পুলিশ তদন্ত শুরু করে গ্রেপ্তার করে রিনা এবং তার সহযোগী সীমাকে। ইতিমধ্যেই ৩২ দিন জেল হেফাজতে থাকার পর জামিনে ফিরে আসেন তারা। তদন্ত কিন্তু চলছে জোর কদমে । কোটি টাকার দুর্নীতির অভিযোগ হওয়ার পরেই পুলিশ আদালতের শরণাপন্ন হয় তার বাড়ি নিলাম করার জন্য। আয় বহির্ভূত সম্পত্তির হদিস পাওয়া গেছে সংঘের নেত্রীর দুর্নীতির তদন্ত করতে গিয়ে। শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদক জানিয়েছেন আদালতের অনুমোদন আসলেই নিলাম করা হবে রীনার বাড়ি। উল্লেখ্য দুর্নীতির অভিযোগে রিনা দেবনাথ সরকারের বাড়ি নীলাম হলে ইতিহাস তৈরি হবে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকে।

# আয় বহির্ভূত সম্পত্তির হদিশ ,বাড়ির মূল্য ২ কোটি টাকা ভাটিবাড়ী এলাকায়




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৬ আগস্ট :** এক মাসের অধিক সময় ধরে গা ঢাকা দিয়ে রয়েছেন আলিপুরদুয়ার জেলার ভাটিবাড়ী গ্রাম পঞ্চায়েতে ভাটিবাড়ী এলাকার ব্যবসায়ী প্রলয় দত্ত ওরফে ঝন্টু। ইতিমধ্যেই পুলিশ তার বাড়ি এবং দোকান পরিদর্শন করে। সূত্রের খবর প্রায় দুই কোটি টাকা খরচ করে তৈরি করা হয়েছে বাড়ি দোকান তৈরিতে খরচ প্রায় দেড় কোটি টাকা। গত জুলাই মাসের ১৩ তারিখ শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদক পারোকাটা পুলপার এলাকার মিঠুন সরকার এবং কামাখ্যাগুড়ি এলাকার সমীর দাস কে গ্রেফতার করে অনলাইন জুয়া খেলার অপরাধে। ১৪ই জুলাই মামলা শুরু হওয়ার পর তদন্ত করতে গিয়ে প্রলয় দত্ত ওরফে ঝন্টুর নাম উঠে আসে পুলিশের শামুকতলা রোড ওসি কাছে। এরপর থেকেই রহস্যজনকভাবে উধাও হয়ে গেছে ভাটিবাড়ী এলাকার ব্যবসায়ী ঝন্টু বাবু। এদিকে গ্রেফতার হওয়া মিঠুন এবং সমীরের এখনো জামিন হয়নি। সূত্রের খবর আয় বহির্ভূত সম্পত্তির হদিস পাওয়ার পরেই ঝন্টুর পাঁচটি অ্যাকাউন্ট সিল করা হয়েছে। কোটি টাকার লেনদেন হয়েছে ভাটিভারী স্টেট ব্যাংক এবং আলিপুরদুয়ার আই সি আই সি আই ব্যাংকে। যদিও বর্তমানে মামলাটির দেখভালের দায়িত্বে রয়েছেন সার্কেল ইন্সপেক্টর সূর্য শেখর ঘোষ। শামুকতলা থানা এলাকায় অনলাইন জুয়া চলছে রমরমা ভাবে দীর্ঘদিন ধরেই। এর আগেও গ্রেফতার হয়েছিলেন প্রলয় দত্ত ওরফে ঝন্টু। কিন্তু বর্তমান সময়ে তিনি ফেরার রয়েছেন। সূত্রের খবর আয় বহির্ভূত সম্পত্তির দরুন বাজেয়াপ্ত হতে পারে তার বাড়ি এবং দোকান।

# বক্সায় বাঘ ফেরানোর আগে স্কুলে “টাইগার ক্লাব” গঠন



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৬ আগস্ট :** বক্সা টাইগার রিজার্ভে (বিটিআর) বাঘ পুনঃপ্রবর্তনের প্রস্তুতির মধ্যেই আলিপুরদুয়ার জেলাজুড়ে ব্যাপক সচেতনতা কর্মসূচি শুরু করছে বন দফতর। এই কর্মসূচির অন্যতম গুরুত্বপূর্ণ উদ্যোগ হল জেলার প্রতিটি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্কুলে ‘টাইগার ক্লাব’ গঠন।বন দফতর সূত্রে জানা গিয়েছে, বক্সা ও সংলগ্ন এলাকার ৭৫টি গ্রাম, বনবস্তি ও চা-বাগানে ধারাবাহিকভাবে সচেতনতা প্রচার চালানো হবে। আগামী ২৫ আগস্ট থেকে ১ অক্টোবর পর্যন্ত ২৫টি বিশেষ দল পর্যায়ক্রমে ওই এলাকাগুলিতে যাবে। স্থানীয় বাসিন্দাদের সঙ্গে সরাসরি কথা বলে বাঘের আচরণ, স্বভাব এবং সংরক্ষণের গুরুত্ব সম্পর্কে সচেতন করা হবে।রবিবার বিটিআরের ফিল্ড ডিরেক্টর কুমার বিমলের নেতৃত্বে উত্তরবঙ্গের একাধিক পরিবেশ সংগঠন ও বন্যপ্রাণ বিশেষজ্ঞদের নিয়ে বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। প্রথম পর্যায়ে প্রতিদিন তিনটি করে গ্রামে গিয়ে বাসিন্দাদের সঙ্গে আলোচনা করবে বিশেষ দলগুলি। প্রশ্নোত্তর পর্বের মাধ্যমে মানুষের নানা সংশয় দূর করার পাশাপাশি বাঘের সঙ্গে বসবাসের ক্ষেত্রে কী করা উচিত এবং কী করা উচিত নয়, তা বোঝানো হবে।দ্বিতীয় পর্যায়ে বিটিআর সংলগ্ন ৩০টি চা-বাগানেও একই ধরনের সচেতনতা কর্মসূচি নেওয়া হবে। এর আওতায় চা-শ্রমিকদেরও বাঘ সংরক্ষণ ও মানুষ-বন্যপ্রাণ সংঘাত এড়ানোর বিষয়ে সচেতন করা হবে।বন দফতরের মতে, এই প্রচারে স্কুল পড়ুয়াদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই জেলার প্রতিটি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্কুলে ১৫ থেকে ২০ জন পড়ুয়াকে নিয়ে ‘টাইগার ক্লাব’ তৈরি করা হবে। বন দফতরের বিশেষজ্ঞরা নিয়মিত ওই ক্লাবগুলিতে গিয়ে বাঘের আচরণ, বাস্তুতন্ত্র, সংরক্ষণ এবং মানুষ-বাঘ সহাবস্থান সম্পর্কে পড়ুয়াদের সচেতন করবেন। পরে পড়ুয়ারা নিজেদের পরিবার ও এলাকার মানুষের মধ্যেও সেই বার্তা ছড়িয়ে দেবে।এক বনকর্তার কথায়, “বাঘ সচেতনতা কর্মসূচিতে পড়ুয়াদের অগ্রদূত হিসেবে যুক্ত করতে চাইছি। তারা সচেতন হলে নিজেদের পরিবারের মধ্যেও সহজে সেই বার্তা পৌঁছে দিতে পারবে।” বনমন্ত্রী মনোজ কুমার ওরাঁও বলেন, “বাঘ আনা ও ছেড়ে দেওয়ার পরেই আমাদের আসল কাজ শুরু হবে। পড়ুয়া থেকে সাধারণ মানুষ—সকলের মধ্যে সচেতনতা তৈরি করা অত্যন্ত জরুরি। বক্সা ও সংলগ্ন ৭৫টি গ্রামের মানুষের সহযোগিতা পাওয়ার বিষয়ে আমরা আশাবাদী।”

# কোচবিহারের দিনহাটা থেকে পাক গুপ্তচর সন্দেহে গ্রেপ্তার তিন



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,১৬ আগস্ট :** রাজ্য পুলিশের স্পেশাল টাস্ক ফোর্স শনিবার স্বাধীনতা দিবসের দিন কোচবিহার জেলার দিনহাটা মহকুমার সাহেবগঞ্জ থেকে পাক গুপ্তচর সন্দেহে তিন জনকে গ্রেপ্তার করে। ধৃতদের নাম রশিদুল,নাসিরুদ্দিন ও সফিকুল। এদের মধ্যে সফিকুল বিহারের কিষানগঞ্জের বাসিন্দা। এস টি এফ সূত্রে জানা গেছে এরা পাকগুপ্তচর সংস্থা আই এস আই এর চর হিসাবে কাজ করতো। এরা ভারতীয় সিম কার্ড কিনে এক্টিভ করে পাকিস্তানে পাঠানোর পাশাপাশি জাল নোটের কারবারেও জড়িত। এস টি এফ এদের আদালতে পাঠালে আদালত চৌদ্দদিনের পুলিশ হেফাজত এর নির্দেশ দিয়েছে। হেফাজতে নিয়ে পুলিশ ও এস টি এফ এদের জেরা করে এই নেটওয়ার্কে আর কারা জড়িত, কিভাবে এরা কাজ করে সব জানার চেষ্টা করছে। স্বাধীনতা দিবসের দিন তিন পাক গুপ্তচর ধরা পড়ায় চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়।

# নদী থেকে অবৈধভাবে পাথর তুলে পরিবহনের সময় গ্রেপ্তার এক




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,১৬ আগস্ট :** কোচবিহার জেলা পুলিশের পুন্ডিবাড়ি থানার পুলিশ শনিবার রাতে মোবাইল ভ্যানে নৈশকালীন টহলের সময় গোপন সুত্রে খবর পায় নদীখাত থেকে অবৈধভাবে পাথর তুলে একটি পিক আপ ভ্যান করে নিয়ে যাওয়া হচ্ছে। খবরের ভিত্তিতে পুলিশ নির্দিষ্ট পিক আপ ভ্যানটিকে আটক করে। চালক গাড়িতে থাকা পাথরের কোনো বৈধ নথিপত্র দেখাতে না পারায় তাকে গ্রেপ্তার করে গাড়ি সহ পাথর বাজেয়াপ্ত করে পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে ধৃত ব্যক্তির বিরুদ্ধে ভারতীয় ন্যায় সংহিতা ও মাইন্স এন্ড মিনারেলস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে ধৃতকে আদালতে পেশ করা হয়েছে। অবৈধ বালি পাথর পাচারের বিরুদ্ধে পুলিশের অভিযান জারী থাকবে বলে জানিয়েছে পুলিশ।

# হাতির হামলায় মৃত্যু পাতাওয়ালার ,শোকের ছায়া বনকর্মীদের মধ্যে




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৬ আগস্ট :** আলিপুরদুয়ারে ফের হাতির হামলায় মর্মান্তিক মৃত্যুর ঘটনা। হাতির আক্রমণে প্রাণ হারালেন বনদপ্তরের পাতাওয়ালা স্মরণ টোপ্পো। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় চাঞ্চল্যের পাশাপাশি বনকর্মীদের মধ্যে নেমে এসেছে গভীর শোকের ছায়া।জানা গিয়েছে, বনাঞ্চলে দায়িত্ব পালন করার সময় আচমকাই হাতির মুখোমুখি হন স্মরণ টোপ্পো। পরিস্থিতি সামাল দেওয়ার আগেই হাতিটি তাঁকে আক্রমণ করে। গুরুতরভাবে আহত অবস্থায় তাঁকে উদ্ধার করে চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হলেও শেষরক্ষা হয়নি।সহকর্মীর আকস্মিক মৃত্যুতে শোকস্তব্ধ বনদপ্তরের কর্মীরা। দীর্ঘদিন ধরে বন ও বন্যপ্রাণী রক্ষার কাজে যুক্ত ছিলেন স্মরণ টোপ্পো। তাঁর এই মর্মান্তিক মৃত্যুতে সহকর্মীদের পাশাপাশি পরিবার ও পরিচিত মহলেও শোকের আবহ তৈরি হয়েছে।আলিপুরদুয়ারের জঙ্গল লাগোয়া এলাকায় মানুষ ও হাতির সংঘাত নিয়ে নতুন করে উদ্বেগ তৈরি হয়েছে। বনকর্মীদের নিরাপত্তা এবং হাতির গতিবিধি পর্যবেক্ষণ আরও জোরদার করার দাবি উঠছে বিভিন্ন মহলে। ঘটনার পর বনদপ্তরের পক্ষ থেকেও পরিস্থিতির উপর নজর রাখা হচ্ছে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |